



CONSULATE GENERAL OF THE PEOPLE'S
REPUBLIC OF BANGLADESH
Milan, Italy

প্রেস বিজ্ঞপ্তি

মিলানে বিনম্র শ্রদ্ধায় শহিদ শেখ রাসেল-এঁর শুভ জন্মদিন ও 'শেখ রাসেল দিবস' উদযাপিত

অক্টোবর ১৮, ২০২২

ইতালিতে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মিলানের আয়োজনে বিনম্র শ্রদ্ধার সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা ফজিলালুন নেছা মুজিব-এঁর কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল-এঁর ৫৯তম জন্মদিন পালন করা হয়।

অনুষ্ঠানের সূচনায় বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিদের উপস্থিতিতে কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারীগণ শেখ রাসেল-এঁর স্মৃতির প্রতি সম্মান জানিয়ে তাঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর উপস্থিত সকলেই শহিদ শেখ রাসেলসহ ১৫ আগস্টে শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করেন। অতঃপর দিবসটি উপলক্ষ্যে মাননীয় মহামান্য রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণীসমূহ পাঠ করা হয় এবং দিবসটির তাৎপর্য তুলে ধরতে শেখ রাসেল-এঁর জীবনী ভিত্তিক একটি বিশেষ তথ্যচিত্র প্রদর্শন করা হয়। শহিদ শেখ রাসেল-এঁর ক্ষণজন্মা জীবনের বিভিন্ন দিকের উপর আলোকপাত করে একটি আলোচনা সভা আয়োজন করা হয়। এতে মিলান, লম্বার্দিয়া প্রবাসী বিভিন্ন স্তরের ব্যক্তিবর্গ সংক্ষেপে বক্তব্য রাখেন। বক্তারা উল্লেখ করেন যে, শিশু শেখ রাসেলের নির্মম হত্যাকাণ্ড আমাদের জাতীয় ইতিহাসে একটি কলঙ্কজনক অধ্যায়। তারা হত্যাকারীদের উপযুক্ত শাস্তি তথা মৃত্যুদণ্ড প্রদানের দাবি করেন। বক্তারা আরো বলেন যে, শিশু অধিকার সংরক্ষণ ও আগামী দিনে একটি সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে প্রতিটি শিশুর জন্য শিক্ষা স্বাস্থ্য ও নিরাপদ বাসস্থানে নিশ্চিত করার মধ্য দিয়ে শহিদ শেখ রাসেলের পবিত্র আত্মার প্রতি যথাযথভাবে শ্রদ্ধা জানানো সম্ভব।

আলোচনা পর্ব শেষে কনসাল জেনারেল এম জে এইচ জাবেদ উপস্থিত সকলকে তাদের মতামতের জন্য ধন্যবাদ জানান। এসময় তিনি শহিদ শেখ রাসেল-এঁর শিশুসুলভ দুরন্তপনা ও তাঁর চরিত্রের উপর বঙ্গবন্ধুর রাষ্ট্রনাযোকোচিত বৈশিষ্ট্যসমূহকে বিশেষভাবে আলোকপাত করেন। তিনি ১৫ আগস্টের ভয়াবহ রাতের নির্মমতার জন্য গভীরভাবে আক্ষেপ প্রকাশ করেন। শিশুদের অধিকার ও মানবাধিকার নিশ্চিত করার মাধ্যমে 'শেখ রাসেল দিবস' কে সার্থক করে তুলে ধরার জন্য কনসাল জেনারেল উপস্থিত সকলকে আহ্বান জানান। তিনি শেখ রাসেল দিবসকে উপলক্ষ্য করে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রতিষ্ঠাসহ সরকারের গৃহীত বিভিন্ন উদ্যোগসমূহকে তুলে ধরেন। কনস্যুলেটের আয়োজনে শিশুদের জন্য ক্রীড়া ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়ে কনস্যুলেটের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে জানান। এছাড়াও, শহিদ শেখ রাসেলকে ভালোবেসে নিজ নিজ পরিমণ্ডলে সকল শিশুকে সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য তিনি উপস্থিত প্রবাসীগণকে অনুরোধ জানান।

শহিদ শেখ রাসেলের পবিত্র আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।



Address: Via Giambellino 7, 1st Floor, 20146 Milan, Italy

Tel: (+39) 02-87068580, Fax: (+39) 02-48950035, Email: consulategeneralmilan849@gmail.com, Website: www.consulategeneralmilan.it